12

দৈনিক সংবাদ

তারিখ 14 JAN 1997
পৃঃ ২ কলাম ৫

ছাত্রদলের অভিযোগ

# আবুজর গিফারী কলেজ ছাত্র সংসদের ফল পাল্টে দেয়ার চেষ্টা চলছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

জাতীয়তাবাদী ছাত্রদল অভিযোগ করেছে যে, রাজধানীর আবুজর গিফারী বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র-ছাত্রী সংসদ নির্বাচনে ছাত্র-ছাত্রীদের রায়কে সরকারি দলের অবৈধ হস্তক্ষেপে পাল্টে দেয়ার ষড়যন্ত্র চলছে। গতকাল সোমবার বিকেলে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এ অভিযোগ করা হয়।

জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা মহানগরী শাখা আয়োজিত এ সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন আবুজর গিফারী কলেজ ছাত্র সংসদের সাবেক ভিপি আমিনুল হক আমিন। এ সময় ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির সভাপতি শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি এবং ওমর ফারুক ডালিম, মুন্সি বজলুল বাসিদ ডালিম, সাইফুল আলম নিরব, জুনায়েদ আহমেদ, আজিজুল হাকিম, মাসুদ আহমদ মিলন প্রমুখ উপস্থিত ছিলেন।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, গত ৯ই জানুয়ারি আবুজর গিফারী কলেজ ছাত্রছাত্রী সংসদের নির্বাচনে ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। বিকেল ৩ টায় কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ, ১০/১২ জন শিক্ষক এবং প্রতিটি ছাত্র সংগঠনের ৩ জন প্রতিনিধির উপস্থিতিতে ভোট গণনা শুরু হয়। ভোট গণনা চলাকালে আওয়ামী লীগ ও ছাত্রলীগের কিছু নেতা পুলিশের উপস্থিতিতে জোরপূর্বক ভোটগণনা কক্ষে প্রবেশ করে। তারা যখন দেখে যে ছাত্রদল বিপুল ভোটে এগিয়ে আছে তখন ষড়যন্ত্র করে ভোট গণনা বন্ধ করে দেয়; কিন্তু সাধারণ ছাত্র-ছাত্রীদের চাপে কলেজ কর্তৃপক্ষ পুনরায় ভোট গণনা শুরু করে; এরকম দু'বার ভোট গণনা বন্ধ করা হয়।

এভাবে পরদিন ভোর ৫ টা পর্যন্ত ৯০৬ ভোট গননা করা হলে ছাত্রদলের প্যানেল বিপুল ভোটে এগিয়ে থাকে। এসময় আওয়ামী লীগ ও ছাত্রলীগ নেতৃবৃন্দ সাধারণ ছাত্র-ছাত্রীদের অনুপস্থিতির সুযোগে কলেজ কর্তৃপক্ষকে চাপ দিয়ে ভোট গণনা বন্ধ করে দেয়। কলেজ কর্তৃপক্ষ ঘোষণা করেন যে, বাকি ৮২ ভোট ১১ই জানুয়ারি গণনা করা হবে। এই ৮২টি ভোট প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগঠনের প্রতিনিধিদের উপস্থিতিতে তাদের সই নিয়ে সিলগালা করে রাখেন।

সাংবাদিক সম্মেলনে অভিযোগ করা হয় যে, ১১ই জানুয়ারি কলেজ কর্তৃপক্ষ অদৃশ্য শক্তির ইঙ্গিতে বাকি ভোট গণনা করে ফলাফল প্রকাশ করেননি। ছাত্রদল নেতৃবৃন্দ অবিলম্বে বাকি ভোট নিরপেক্ষভাবে গণনা করে পূর্ণাঙ্গ ফলাফল ঘোষণা করার আহ্বান জানান।